

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৪৫২.১০.৬১০

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০

১২ জুলাই ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ অব্যয়িত থাকার কারণ ব্যাখ্যা।

সূত্র: জেখানি গাইবান্ধা দপ্তরের ০৫.০৭.২০২৩খি. তারিখের ৯৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ibas রিপোর্ট অনুযায়ী দেখা যায়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, গাইবান্ধা সদর এর অনুকূলে কর্মচারীদের প্রতিদান (বেতন ও ভাতাদি) খাতে মোট বরাদ্দ ১৮,১২,০০০/- টাকার মধ্যে প্রকৃত ব্যয় ১৭,৮২,২০০/- টাকা এবং অবশিষ্ট রয়েছে ২৯,৭০০/- টাকা। অনুরূপভাবে গাইবান্ধা সদর এলএসডি'র অনুকূলে বেতন ও ভাতাদি খাতে মোট বরাদ্দ ৬০,০৫,৯০০/- টাকার মধ্যে প্রকৃত ব্যয় ৫৫,৯৬,৮০০/- টাকা এবং অবশিষ্ট রয়েছে ৪,০৯,০০০/- টাকা।

২। কিন্তু সূত্রস্থ পত্রে প্রেরিত আপনার কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সমর্পণ বিবরণী অনুযায়ী দেখা যায়, বর্ণিত উভয় দপ্তরেই বেতন ও ভাতাদি খাতে বরাদ্দ, প্রকৃত ব্যয় এবং অবশিষ্ট (সমর্পণকৃত) টাকার পরিমাণ ০(শূন্য) দেখানো হয়েছে যা কিছুতেই গ্রহণযোগ্য নয় এবং সরকারি দায়িত্ব পালনে অবহেলার সামিল। এছাড়া উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অনুকূলে কোড নং-৩২১১১১৩ বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত ৭,০০০/-টাকার পুরোটাই সমর্পণ করা হয়েছে। অপরদিকে, গাইবান্ধা সদর এলএসডি'র অনুকূলে কোড নং-৩৮২১১০২ ভূমি উন্নয়ন কর খাতে বরাদ্দকৃত ২০,০০০/- টাকার পুরোটাই সমর্পণ করা হয়েছে এবং চলতি ২০২৩-২৪ অর্থ বছরের জন্য প্রেরিত চাহিদাপত্রে উক্ত খাতে বকেয়ার পরিমাণ ২০,০০০/- টাকা প্রদর্শনপূর্বক চাহিদার পরিমাণ ১,৪৫,০০০/- টাকা উল্লেখ করা হয়েছে, যা বোধগম্য নয়।

৩। এমতাবস্থায়, সমর্পণ বিবরণীতে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি বাবদ বরাদ্দ, প্রকৃত ব্যয় এবং অবশিষ্ট (সমর্পণকৃত) টাকার পরিমাণ ০(শূন্য) প্রদর্শনের যথাযথ কারণ ব্যাখ্যাসহ ২০২২-২৩ অর্থবছরে কোড নং-৩২১১১১৩ বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত টাকা অব্যয়িত থাকার কারণ এবং কোড নং-৩৮২১১০২ ভূমি উন্নয়ন কর খাতে বরাদ্দকৃত টাকা ব্যয় না করে কেন বকেয়া রাখা হয়েছে তার যৌক্তিক কারণ ও প্রমাণকসহ জবাব পত্র জারির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১২-৭-২০২৩

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

জনাব আবু হেনা মোস্তফা কালাম

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক গাইবান্ধা সদর, গাইবান্ধা।

ফোন: +৮৮-০২-২২৩৩৮৬৩০৬

ইমেইল: daf@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৪৫২.১০.৬১০/১(৫)

তারিখ: ২৮ আষাঢ়, ১৪৩০

১২ জুলাই ২০২৩

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর। অত্র দপ্তরের ০৫.০৬.২০২৩খ্রি. তারিখের ৪৭৬ নং স্মারক অনুসারে আপনার দপ্তর হতে গৃহীত ব্যবস্থার বর্ণনাসহ মতামত দেয়ার জন্য বলা হলো।

২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাইবান্ধা

৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, গাইবান্ধা সদর এলএসডি, গাইবান্ধা।

৪) উপখাদ্য পরিদর্শক, মজুদ, বিক্রয় এবং ক্যাশ শাখা, খাদ্য অধিদপ্তর। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য।

৫) অফিস কপি।



১২-৭-২০২৩

মোঃ মাহমুদ হাসান

পরিচালক